

পত্র নংঃ ৩৩.০২.১৫৭৮.৫০১.০২.০০৫.২৩-

তারিখঃ ৩০/০৭/২০২৩ খ্রি.

**কোটেসন বিজ্ঞপ্তি**


মৎস্য অধিদপ্তরের রাজস্ব খাতের আওতায় ২০২৩-২৪ অর্থবছরে সন্দ্বীপ উপজেলায় অবস্থিত প্রাতিষ্ঠানিক জলাশয়ে, বর্ষাপ্লাবিত ধানক্ষেত, প্রাবনভূমি ও অভ্যন্তরীণ জলাশয়ে পোনা মাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে। নিম্নোক্ত শর্তে নির্ধারিত স্পেসিফিকেশন মোতাবেক প্রকৃত পোনা সরবরাহকারীদের নিকট হতে সিলগালাকৃত খামে মাছের পোনা ক্রয়ের নিমিত্তে কোটেসন আহবান করা যাইতেছে। উপজেলা মৎস্য অফিসারের দপ্তর, সন্দ্বীপ, চট্টগ্রাম হতে ৩০/০৭/২০২৩ খ্রি. হতে ০৭/০৮/২০২৩ খ্রি. অফিস সময়ে বিনামূল্যে কোটেসন দলিল পাওয়া যাবে। কোটেসন সমূহ অদ্য ৩০/০৭/২০২৩ খ্রি. হতে ০৭/০৮/২০২৩ খ্রি. তারিখ বেলা ১২ঃ০০ ঘটিকা পর্যন্ত অত্র দপ্তরে রক্ষিত কোটেসন বাঞ্ছা গৃহীত হইবে। প্রাপ্ত কোটেসনসমূহ একই দিন বেলা ১২ঃ৩০ ঘটিকার সময় পোনাক্রয় কমিটি ও উপস্থিত দর দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হইবে। নির্ধারিত সময়ের পরে আর কোন কোটেসন গ্রহণ করা হবে না। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কোটেসন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

**স্পেসিফিকেশনঃ**

ক্রমিক নং	পোনার প্রজাতি	আকার (সে মি)	সরবরাহের স্থান	মন্তব্য
১	২	৩	৪	৫
০১	সরবরাহকৃত মোট পোনার রুই ৪০%	১০-১৫ সেমি	নির্ধারিত স্থান	
০২	সরবরাহকৃত মোট পোনার কাতল ৩০%	আকারের সুস্থ সবল		
০৩	সরবরাহকৃত মোট পোনার মুগেল/কালিবাউস ৩০%	পোনা		

**শর্তাবলীঃ**

- ১। আবশ্যিকভাবে পোনা সরবরাহকারীকে নির্ধারিত জলাশয় সমূহে নিজস্ব খরচে পোনা মাছ অক্সিজেন ব্যাগে সরবরাহ করতে হবে।
- ২। সরবরাহকৃত পোনা অবশ্যই সুস্থ-সবল হতে হবে। কোনোক্রমেই দুর্বল ও রোগাক্রান্ত পোনা গ্রহণ করা হবে না।
- ৩। সিলগালাকৃত খামের উপর স্পষ্ট অক্ষরে কোটেসন শব্দ লিখে কোটেসন লিখে দাখিল করতে হবে।
- ৪। পোনা সরবরাহকারীকে অবশ্যই প্রকৃত পোনা ব্যবসায়ী বা উৎপাদনকারী হতে হবে এবং এ সংক্রান্ত সনের হালনাগাদকৃত ডেই লাইসেন্স ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ৫। উক্ত দরের ৫% টাকা জামানত হিসেবে যে কোন সিডিউল ব্যাংকে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে।
- ৬। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে পোনা মাছ সরবরাহ করিতে হইবে।
- ৭। কোটেসন কমিটি কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কোটেসন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৮। পোনার সাইজ ও মিশ্রণ পোনা ক্রয় কমিটি ও মৎস্য অধিদপ্তরের মনিটরিং কমিটির নিকট গ্রহণযোগ্য হতে হবে।
- ৯। জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।
- ১০। পোনা মাছ বুঝিয়ে দেওয়ার পর কোটেসন দাতাকে দুই প্রস্থ বিল দাখিল করতে হবে এবং সরকারী নিয়ম অনুযায়ী বিলের টাকা পরিশোধ করা হবে।

  
মোঃ সাইফুল ইসলাম  
উপজেলা মৎস্য অফিসার  
সন্দ্বীপ, চট্টগ্রাম

তারিখঃ ৩০/০৭/২০২৩ খ্রি.

পত্র নংঃ ৩৩.০২.১৫৭৮.৫০১.০২.০০৫.২৩-

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

- ১। জেলা মৎস্য অফিসার, চট্টগ্রাম।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম।
- ৩। উপজেলা..... অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম।
- ৪। জনাব,..... সন্দ্বীপ, চট্টগ্রাম।
- ৫। অফিস নথি, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর/ উপজেলা মৎস্য অফিসারের দপ্তর, সন্দ্বীপ, চট্টগ্রাম  
([www.fisheries.sandwip.chittagong.gov.bd](http://www.fisheries.sandwip.chittagong.gov.bd))

  
উপজেলা মৎস্য অফিসার  
সন্দ্বীপ, চট্টগ্রাম